

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা  
+88-02-9511066, +8 8-02-9552323, [www.most.gov.bd](http://www.most.gov.bd)

## প্রেস বিজ্ঞপ্তি


“ বাস্তবায়নাধীন উন্নয়ন প্রকল্পসমূহের  
অগ্রগতি পর্যালোচনা সভা অনুষ্ঠিত ”

ঢাকা ২৩ ডিসেম্বর, ২০১৮;

বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়ের বাস্তবায়নাধীন উন্নয়ন প্রকল্পসমূহের ২০১৮-১৯ অর্থ বছরের নভেম্বর পর্যন্ত বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা সভা আজ মন্ত্রণালয়ের সভাকক্ষে অনুষ্ঠিত হয়। এতে বিজ্ঞান ও প্রযুক্তি সচিব মোঃ আনোয়ার হোসেন সভাপতিত্ব করেন।

তিনি বলেন, বর্তমান সরকার বাস্তবায়নাধীন বিভিন্ন উন্নয়ন প্রকল্পসমূহের মাধ্যমে দেশের উন্নয়নে বন্ধপরিষ্কার। সেই ধারাবাহিকতায় বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়ের আওতায় বাস্তবায়নাধীন উন্নয়ন প্রকল্পসমূহকে সরকারি অর্থের সর্বোচ্চ সংব্যহার করে দ্রুত সময়ের মধ্যে শেষ করার জন্য আহ্বান জানান। এছাড়া বার্ষিক ক্রয় পরিকল্পনা অনুযায়ী দরপত্র প্রক্রিয়াকরণ দ্রুত করার নির্দেশন প্রদান করেন। বাস্তব চাহিদা অনুযায়ী সংশোধিত বার্ষিক উন্নয়ন কর্মসূচিতে বরাদ্দ চাহিদা প্রতিফলনের জন্য প্রকল্প পরিচালকদের নির্দেশন দেন। সভায় জানানো হয় যে, বার্ষিক উন্নয়ন কর্মসূচি কাজের অগ্রগতি (এডিপি) বাস্তবায়নের হার ৪৭%।

উক্ত অনুষ্ঠানে বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়ের সংশ্লিষ্ট কর্মকর্তাবৃন্দ, মন্ত্রণালয়ীধীন সংস্থাপ্রধানগণ এবং প্রকল্পপরিচালকগণ উপস্থিত ছিলেন।

  
(বিবেকানন্দ রায়)

সিনিয়র তথ্য অফিসার

☎ ৯৫৪ ০৩৮৭ (অঃ) / 📠 ০১৭১১-৮১৫৮৮১

E-mail: [pro@most.gov.bd](mailto:pro@most.gov.bd)  
[royv047@gmail.com](mailto:royv047@gmail.com)